নগর ভবনে ইশরাক হোসেনের অনুসারীদের মধ্যে সংঘর্ষ, আহত ২



সংগৃহীত ছবি

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) নগর ভবনে বিএনপি নেতা ইশরাক হোসেনের অনুসারীদের দুই পক্ষের মধ্যে হঠাৎ সংঘর্ষের ঘটনা ঘটেছে। এই ঘটনায় আহত হয়েছেন অন্তত দুইজন, যাদের বর্তমানে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে।

আহতদের নাম মনির হোসেন (৪৫) ও মহিদুল ইসলাম (৩৫)। মঙ্গলবার (২৪ জুন) দুপুর সাড়ে বারোটার দিকে তাদের আহত অবস্থায় হাসপাতালে আনা হয় বলে নিশ্চিত করেছেন ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের পুলিশ ক্যাম্প ইনচার্জ পরিদর্শক মো. ফারুক।

তিনি জানান, “দুপুরে ওই দুইজনকে গুরুতর জখম অবস্থায় জরুরি বিভাগে নেওয়া হয়। খোঁজ নিয়ে জানতে পারি—বিএনপি নেতা ইশরাক হোসেনের সমর্থকদের দুইটি পক্ষের অভ্যন্তরীণ বিরোধ থেকে এই সংঘর্ষের ঘটনা ঘটে।”

এদিকে, ডিএসসিসির সাম্প্রতিক কর্মকাণ্ড, সেবা ব্যবস্থার অব্যবস্থা এবং রাজধানীবাসীর বিভিন্ন অভিযোগ নিয়ে আজ বিকেল ৪টা ৩০ মিনিটে জাতীয় প্রেস ক্লাবে জরুরি সংবাদ সম্মেলন করবেন ইশরাক হোসেন। সংবাদ সম্মেলনে সংঘর্ষের প্রেক্ষাপট নিয়েও তিনি বক্তব্য রাখতে পারেন বলে দলীয় সূত্রে জানা গেছে।